



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-৫০৭১

তারিখ: ০৩/০৫/২০২৩ খ্রি.

বিষয়: পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় শীর্ষক প্রকল্পটি দেশের ০৮টি বিভাগের ৪৮টি জেলার ২২০টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। সুবিধা বঞ্চিত গ্রামীণ মহিলা ও পুরুষদের সংগঠিত করে পল্লী উন্নয়ন দলের আওতায় ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে কৃষি ও অকৃষি উৎপাদন বৃদ্ধি করে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে এ প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। প্রশিক্ষণপ্রাপ্ত সুবিধাভোগীদের আয়বর্ধন কর্মকাণ্ড এবং ক্ষুদ্র উদ্যোগ বাস্তবায়নের জন্য প্রকল্প থেকে ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। গতানুগতিক প্রক্রিয়ায় ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ অনুমোদন পর্যায়ে বেশ কিছু ধাপ অতিক্রম করতে দীর্ঘ সময় ব্যয় করতে হয়। এমতাবস্থায়, ঋণ কার্যক্রম আরও সহজতর করার লক্ষ্যে পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের ঋণ অনুমোদন সেবাটি সহজীকরণ ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে

নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়:

ক) ঋণ প্রাপ্তির জন্য উপকারভোগী হিসেবে প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করতে হবে;

খ) কমপক্ষে ০৬ সপ্তাহ পূর্বে পল্লী উন্নয়ন দলের সদস্যপদ লাভ করতে হবে;

গ) দলের সাপ্তাহিক সভায় কমপক্ষে ৮০ ভাগ উপস্থিত থাকা ও চাহিত ঋণের বিপরীতে প্রয়োজনীয় সঞ্চয় জমা থাকতে হবে;

ঘ) প্রস্তাবিত আয়বর্ধন কর্মকাণ্ড বাস্তবায়নে যথেষ্ট অভিজ্ঞতা, জ্ঞান, দক্ষতা ও প্রশিক্ষণ থাকতে হবে;

ঙ) সদস্যের নিজস্ব ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে;

চ) দলের ব্যবস্থাপনা কমিটির সুপারিশের আলোকে প্রাপ্ত আবেদন যাচাই বাছাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে।

৩। উপর্যুক্ত অনুমোদন প্রক্রিয়া অনুসরণ করা হলে বিআরডিবি'র আওতাধীন পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের সুফলভোগীগণ আরও দ্রুত ও সহজে ঋণ সহায়তা সেবা পেতে সক্ষম হবেন। সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত বুকলেট।



আঃ গাফ্ফার খান
মহাপরিচালক (গ্রেড-১)
বিআরডিবি

ফোন- +৮৮-০২-৪১০১০৩২০

ইমেইল: dg@brdb.gov.bd

বিতরণঃ

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি।
- ৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নের সংশ্লিষ্ট সেবাবক্সে হালনাগাদের জন্য)।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে-

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।